# COVID-19 এবং সবেতন অসুস্থতাজনিত অবকাশ

যেসব কর্মীদের COVID-19 হয়েছে অথবা COVID-19 হয়েছে এমন কারও সংস্পর্শে এসেছেন তাঁরা তাঁদের অভিবাসন পরিস্থিতি (ইমিগ্রেশন স্ট্যাটাস) নির্বিশেষে অসুস্থতাজনিত অবকাশ (ছুটি) পেতে পারেন। কর্মীরা নিজেদের স্বাস্থ্যসেবা বা পরিবারের সদস্যদের দেখাশোনার জন্য স্টেট এবং স্থানীয় আইনের আওতায় ছুটি নিতে পারেন। উদাহরণস্বরূপ, কর্মীরা কোয়ারান্টাইন* অথবা বিচ্ছিন্ন থাকার জন্য কিংবা যদি তাদের সন্তানের স্কুল বা চাইল্ড কেয়ার বন্ধ হয়ে যায় সেক্ষেত্রে ছুটি নিতে পারেন। নিয়োগকর্তারা অসুস্থতাজনিত ছুটি ব্যবহার বা চাওয়ার জন্য কর্মীদের সাথে দুর্ব্যবহার করতে পারেন না বা তাঁদের শাস্তি দিতে পারেন না। এই পত্রে সকল আইনের সারসংক্ষেপ দেওয়া আছে।

দ্রষ্টব্য: যদিও ফেডারেল আইনের মেয়াদ 31 ডিসেম্বর, 2020 তারিখে শেষ হয়ে গিয়েছে, কর্মীরা হয়তো 2020 সালে ব্যবহৃত অসুস্থতাজনিত ছুটির জন্য ফেডারেল বেনিফিট বা সুযোগ-সুবিধার দাবি জানাতে পারেন।

*কোয়ারান্টাইনে থাকা মানে COVID-19 ছড়ানো প্রতিরোধ করতে 10 দিন সবার কাছ থেকে পৃথকভাবে থাকা।

**স্টেট**

## নিউ ইয়র্ক স্টেট ইমার্জেন্সি COVID-19 সবেতন অসুস্থতাজনিত অবকাশের আইন

| এই আইনের আওতাভুক্ত কে | এই আইনে কী কী আওতাভুক্ত আছে | আওতাভুক্ত সময়কাল |
|---|---|---|
| **সকল বেসরকারি এবং সরকারি খাতের কর্মী যাদেরকে কোয়ারান্টাইন পালন করার নির্দেশ দেওয়া হয়েছে।** কোয়ারেন্টাইনের নির্দেশ পেতে কর্মীদের 855-491-2667 নম্বরে কল করতে হবে।<br>যেসব কর্মীরা ফ্যামিলিজ ফার্স্ট করোনাভাইরাস রেসপন্স অ্যাক্ট (Families First Coronavirus Response Act, FFCRA) (ফেডারেল বিভাগ দেখুন) -এর অধীনে থাকা ফেডারেল সুবিধাদির জন্য যোগ্য তাদেরকে অবশ্যই প্রথমে সেগুলিই ব্যাবহার করতে হবে এবং কেবলমাত্র স্টেট আইন যদি FFCRA-এর চেয়ে বেশি সুবিধাদি সরবরাহ করে তাহলেই স্টেট সুবিধাদি ব্যাবহার করতে পারবেন।<br>কর্মীরা যদি ব্যক্তিগত ভ্রমণের জন্য নিউ ইয়র্ক স্টেটের ভ্রমণ বিষয়ক উপদেষ্টায় থাকা কোনও অঞ্চলে গিয়ে থাকেন তবে তারা *আওতাভুক্ত হবেন না* | **সবেতন অসুস্থতাজনিত ছুটি**-তে ঐ সকল কর্মীদের আওতাভুক্ত করা হবে যাদেরকে কোয়ারান্টাইনের নির্দেশ দেয়া হয়েছে।<br>উদাহরণস্বরূপ, তাদের:<br>▪ COVID-19 উপসর্গ থাকলে; অথবা<br>▪ COVID-19 আছে এমন কারও ঘনিষ্ঠ সহচর্যে গিয়ে থাকলে। | নিয়োগকর্তার প্রতিষ্ঠানের আকার এবং/অথবা আয়ের উপর ভিত্তি করে, কর্মীরা নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত *5 থেকে 14 দিনের **বেতন*** পেতে পারেন।<br>দ্রষ্টব্য: এছাড়াও কর্মীরা *নিয়োগকর্তা কর্তৃক **অ-পরিশোধকৃত*** কোয়ান্টিনের দিনগুলির জন্য সবেতন পারিবারিক ছুটি অথবা প্রতিবন্ধীত্বের সুবিধাদি ব্যাবহার করতে পারবেন।<br>স্টেট আইনের অধীনে সবেতন অসুস্থতাজনিত ছুটি হল নগর আইনের অধীনে থাকা অসুস্থতাজনিত ছুটির একটি **বাড়তি সংযোজন**। |

? নিউ ইয়র্ক শ্রম বিভাগ (New York State Department of Labor)-এর সাথে যোগাযোগ করুন:
কল করুন **844-337-6303** নম্বরে । ভিজিট করুন **paidfamilyleave.ny.gov/covid19**

## COVID-19 ভ্যাক্সিনেশনের জন্য নিউ ইয়র্ক অঙ্গরাজ্যের সবেতন ছুটি

*এই আইন 3/12/2021 থেকে 12/31/2022 পর্যন্ত কার্যকর।*

| এই আইনের আওতাভুক্ত কে | এই আইনে কী কী আওতাভুক্ত আছে | আওতাভুক্ত সময়কাল |
|---|---|---|
| **নিয়োগকর্তার আকার নির্বিশেষে, নিউইয়র্ক অঙ্গরাজ্যের** সমস্ত বেসরকারি এবং সরকারি খাতের কর্মীরা। | **সবেতন অসুস্থতাজনিত ছুটি-এর** আওতায় ঐ সকল কর্মীরা আছেন যারা:<br>▪ একটি COVID-19 ভ্যাকসিনের ইনজেকশন পাবে, এটাই যদি ভ্যাক্সিনটির চাহিদা হয়ে থাকে; কিংবা<br>▪ দুইটি COVID-19 ভ্যাকসিনের ইনজেকশন পাবে, এটাই যদি ভ্যাক্সিনটির চাহিদা হয়ে থাকে | কর্মীরা প্রতি ভ্যাকসিন ইনজেকশনের জন্য 4 ঘন্টা করে মোট 8 ঘন্টা পর্যন্ত সময় পান।<br>দ্রষ্টব্য: COVID-19 ভ্যাক্সিনেশনের জন্য সবেতন ছুটি রাজ্য বা শহরের সবেতন অসুস্থতার ছুটি বা পেইড সিক লিভ আইনের অধীনে অর্জিত ছুটির উপর **বাড়তি সংযোজন**। শ্রমিকরা COVID-19 ভ্যাকসিনের পার্শ্বপ্রতিক্রিয়া থেকে সেরে উঠার জন্য অর্জিত ছুটি ব্যবহার করতেও পারেন। |

? নিউ ইয়র্ক শ্রম বিভাগ (New York State Department of Labor)-এর সাথে যোগাযোগ করুন: কল করুন **888-469-7365** নম্বরে । ভিজিট করুন **dol.ny.gov** এবং সার্চ করুন “paid leave for COVID vaccine (COVID ভ্যাক্সিনের জন্য সবেতন ছুটি)”

স্থানীয় এবং ফেডারেল আইনসমূহ >>

**স্থানীয়**

## নিউ ইয়র্ক শহরের সবেতন নিরাপদ এবং অসুস্থতাজনিত অনবকাশের আইন

| এই আইনের আওতাভুক্ত কে | এই আইনে কী কী আওতাভুক্ত আছে | আওতাভুক্ত সময়কাল |
|---|---|---|
| সকল **গৃহকর্মীরা** (গৃহস্থালিতে থাকা) এবং নিউ ইয়র্ক শহরের **যে কোনও আকারের ব্যবসায় বা অলাভজনক প্রতিষ্ঠানের কর্মীরা** (পূর্ণকালীন, খণ্ডকালীন এবং অস্থায়ী কর্মীরাসহ)। | **অসুস্থতাজনিত ছুটি**-এর আওতায় সেসকল কর্মীরা আছেন যারা:<br>▪ অসুস্থ;<br>▪ যাদের প্রতিরোধমূলক সেবার প্রয়োজন;<br>▪ যাদের কোয়ারান্টাইনে থাকতে হবে;<br>▪ কোন অসুস্থতা, আঘাত বা স্বাস্থ্য সমস্যা নির্ণয় বা চিকিৎসা খুঁজছেন; অথবা<br>▪ যাদের উপরোল্লিখিত কারণে পরিবারের কোনো সদস্যের দেখাশোনা করতে হয়।<br><br>অসুস্থতাজনিত ছুটি সকল গৃহকর্মী এবং গৃহস্থালির বাইরের কর্মীদের জন্য **সবেতন** যদি, নিয়োগকর্তার 5 জন বা ততোধিক কর্মী থাকে।<br><br>অসুস্থতাজনিত ছুটি গৃহস্থালির বাইরের কর্মীদের জন্য **অবেতন** যদি, নিয়োগকর্তার 5 জনের কম কর্মী থাকে এবং নিট আয় $1 মিলিয়নের কম হয়। | নিয়োগকর্তার প্রতিষ্ঠানের আকারের উপর নির্ভর করে:<br>▪ **(100+ কর্মী)** কর্মীরা প্রতি বছর *56 ঘন্টা পর্যন্ত* অসুস্থতাজনিত ছুটি নিতে পারে।<br>▪ **(1–99 কর্মী)** কর্মীরা প্রতি বছর *40 ঘন্টা পর্যন্ত* অসুস্থতাজনিত ছুটি অর্জন করতে পারে।<br><br>দ্রষ্টব্য: সকল কর্মী প্রতি 30 ঘন্টা কাজের জন্য 1 ঘন্টা অসুস্থতাজনিত ছুটি অর্জন করতে করে। |

? NYC ভোক্তা ও শ্রমিক সুরক্ষা বিভাগের (NYC Department of Consumer and Worker Protection) সাথে যোগাযোগ করুন:
**311** নম্বরে কল করুন এবং বলুন "Paid Safe and Sick Leave (সবেতন সুরক্ষা ও অসুস্থতার ছুটি)"। ভিজিট করুন **nyc.gov/workers**।
ই-মেইল **OLPS@dca.nyc.gov**
*শুধুমাত্র নিয়োগকর্তারাই অনলাইনে চ্যাট করতে পারবেন এখানে* **nyc.gov/BusinessToolbox**।

**ফেডারেল**

## ফ্যামিলিজ ফার্স্ট করোনাভাইরাস রেসপন্স অ্যাক্ট (FFCRA) COVID-19 অসুস্থতাজনিত সবেতন ছুটি

***ফেডারেল আইনটি*** *4/2/2020 থেকে 12/31/2020 পর্যন্ত কার্যকর ছিল। কর্মীরা ঐ সময়সীমার মধ্যে ব্যবহৃত অসুস্থতাজনিত ছুটির জন্য ফেডারেল সুবিধাদি দাবি করতে পারেন।*

| এই আইনের আওতাভুক্ত কে | এই আইনে কী কী আওতাভুক্ত আছে | আওতাভুক্ত সময়কাল |
|---|---|---|
| বেসরকারি এবং সরকারি খাতের কর্মীরা, যদি **নিয়োগকর্তার 500 বা তার কম কর্মী থাকে** (পূর্ণকালীন এবং খণ্ডকালীন কর্মীসহ)।<br><br>কর্মীরা *আওতাভুক্ত নাও হতে পারে* যদি:<br>▪ তারা স্বাস্থ্য সেবা কর্মী অথবা সম্মুখসারির কর্মী হয়ে থাকেন; অথবা<br>▪ তাদের নিয়োগকর্তার 50 বা তার কম কর্মী থাকলে এবং তিনি আর্থিক সংকটের সম্মুখীন হয়ে থাকলে। | **সবেতন অসুস্থতাজনিত ছুটি**-এর আওতায় ঐ সকল কর্মীরা আছেন যারা:<br>▪ কোয়ারান্টাইন পালন করার নির্দেশপ্রাপ্ত হয়েছেন অথবা কোয়ারান্টাইনে থাকার নির্দেশপ্রাপ্ত হয়েছেন এমন কোনো পরিবারের সদস্যের দেখাশোনা করছেন;<br>▪ কোয়ারান্টাইন পালন করছেন কারন তাদের ডাক্তার পরামর্শ দিয়েছেন।<br>▪ যাদের COVID-19 উপসর্গ দেখা দিচ্ছে এবং রোগ নির্ণয় করতে চাচ্ছেন।<br>▪ COVID-19 এর সাথে সংশ্লিষ্ট কোনো শারীরিক সমস্যা ধরা পড়েছে।<br>▪ সন্তান আছে যাদের চাইল্ড কেয়ার বা স্কুল COVID-19 এর কারণে বন্ধ হয়ে গেছে। | কাজের অবস্থার উপর নির্ভর করে:<br>▪ **পূর্ণকালীন কর্মীরা** *80 কর্মকালীন ঘন্টা* ব্যবহার করতে পারেন।<br>▪ **খণ্ডকালীন কর্মীরা** দু'সপ্তাহের সময়কালে গড়ে যে পরিমাণ ঘন্টা কাজ করেন তা ব্যবহার করতে পারেন।<br><br>দ্রষ্টব্য: ফ্যামিলি অ্যান্ড মেডিক্যাল লিভ অ্যাক্ট (Family and Medical Leave Act, FMLA)-এর অধীনে কর্মীরা বর্ধিত সবেতন বা অবেতন ছুটি পাওয়ার যোগ্য হতে পারেন। |

? যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগের (U.S. Department of Labor) সাথে যোগাযোগ করুন: কল করুন **866-487-9243 নম্বরে**।
ভিজিট করুন **dol.gov/agencies/whd/pandemic**

NYC Consumer and Worker Protection | Test & Trace Corps

**The NYC Test & Trace Corps** নিশ্চিত করে যে COVID-19 এর পরীক্ষায় পজিটিভ সনাক্ত হওয়া যে কোনও ব্যক্তি, এবং তাদের ঘনিষ্ঠ সংস্পর্শে আসা ব্যক্তিদের যেন কোনও হোটেলে বিনামূল্যে, অথবা বাড়িতে নিরাপদে পৃথকভাবে থাকার সুযোগসুবিধা থাকে। কিভাবে নিরাপদে পৃথকভাবে থাকা যায় সে সম্পর্কে আরও জানতে কল করুন **1-212-COVID19** (212-268-4319) নম্বরে।